

তারিখ : 27 JUL 2012  
বৃষ্ঠা : ২৭

শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়  
ভিসি প্রো-ভিসি ও  
ট্রেজারার নিয়োগ

স্টাফ রিপোর্টার : শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ের ভিসি হিসেবে কৃষি সম্প্রসারণ ও ইনফরমেশন সিস্টেম বিভাগের অধ্যাপক মো. শাদাত উল্লাহ প্রো-ভিসি হিসেবে জেনেটিক্স এন্ড প্লান্ট ব্রিডিং বিভাগের অধ্যাপক ড. মো. শহীদুল রশীদ কুইয়া এবং ট্রেজারার হিসেবে এগ্রোনমি বিভাগের অধ্যাপক হিসেবে ড. মো. হযরত আলীকে নিয়োগ দেয়া হয়েছে। এ সংক্রান্ত গতকাল বৃহস্পতিবার শিক্ষা মন্ত্রণালয় একটি প্রজ্ঞাপন জারি করেছে। প্রজ্ঞাপনে বলা হয়েছে, তারা তিনজনই শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক। প্রেসিডেন্টের আদেশে তাদের চার বছরের জন্য নিয়োগ প্রদান করা হয়েছে। প্রেসিডেন্ট প্রয়োজন মনে করলে নির্ধারিত সময়কাল শেষ হওয়ার আগেই যে কারো নিয়োগ আদেশ বাতিল করতে পারবেন।